

TDC Odd Semester Exam., 2020
held in July, 2021

BENGALI

(Honours)

(5th Semester)

Course No. : BNGH-501

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

পরীক্ষার্থীগণ BNGH—501 (A) অথবা BNGH—501 (B)

প্রশ্নের উত্তর দেবে

Course No. : BNGH-501 (A)

(আধুনিক ভারতীয় কথাসাহিত্য—১)

- ১। ‘চিংড়ি’ উপন্যাসটি কোন্ ভাষায় রচিত হয়েছিল? এর রচনাকাল কত? ‘চিংড়ি’ উপন্যাসের নামকরণ যুক্তিযুক্ত হয়েছে কি না, পর্যালোচনা করো। $১+১+১২=১৪$

অথবা

- ২। “দুদিন পরে নিবিড় আলিঙ্গনে বদ্ধ একটি পুরুষ আর একটি নারীর মৃতদেহ চেউয়ে ভেসে তীরে এসে পড়েছে দেখা গেল।” মৃতদেহ দুটি কাদের? এর মধ্যকার পুরুষ চরিত্রটি বিশ্লেষণ করো। $২+১২=১৪$

- ৩। ‘গোদান’ উপন্যাসটি কোন্ ভাষা থেকে বাংলা ভাষায় অনুবাদ করা হয়েছে? এই উপন্যাসটির একজন বাংলা অনুবাদকের নাম লেখো। ‘গোদান’ উপন্যাসের রায়সাহেব চরিত্রটি পর্যালোচনা করো। $১+১+১২=১৪$

অথবা

- ৪। প্রেমচন্দ্র-এর পিতৃদত্ত নাম কী ছিল? হিন্দি ভাষায় লেখা তাঁর প্রথম গল্প-সংগ্রহের নাম কী? “উপন্যাসটির বাইরের আভরণ আর্থিক ও রাজনৈতিক হলেও এর অভ্যন্তর মানবিক ও সাংস্কৃতিক।” মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। $১+১+১২=১৪$

- ৫। ‘চিংড়ি’ উপন্যাসের দুজন বাংলা অনুবাদক কারা? ‘চিংড়ি’ উপন্যাসে মৎস্যজীবী সম্প্রদায়ের জীবন ও জীবিকার যে চিত্র ফুটে উঠেছে তা তোমার পাঠ অভিজ্ঞতার নিরিখে পর্যালোচনা করো। $২+১২=১৪$

অথবা

- ৬। প্রেমচন্দ্র সৃষ্ট দুটি পত্রিকার নাম লেখো। মহাজনী শোষণের যে চিত্র ‘গোদান’ উপন্যাসে রয়েছে তার পরিচয় দাও। $২+১২=১৪$

- ৭। টীকা লেখো (যে কোনো দুটি) : $৪ \times ২ = ৮$

- (ক) ‘চিংড়ি’ উপন্যাসের মৎস্যজীবীদের সংস্কৃতি
(খ) ‘চিংড়ি’ উপন্যাসের পালানি
(গ) উপন্যাসিক শিবশঙ্কর পিল্লাই
(ঘ) ‘গোদান’ উপন্যাসের নাগরিক জীবন
(ঙ) ‘গোদান’ উপন্যাসের উপকাহিনি
(চ) ‘গোদান’ উপন্যাসে ভারতের কৃষক জীবন-চিত্র

(3)

Course No. : BNGH-501 (B)

(রবীন্দ্রসাহিত্য—১)

- ১। ‘পুনশ্চ’ গ্রন্থের প্রকাশকাল কত? এই কাব্যগ্রন্থের ‘সাধারণ মেয়ে’ কবিতাটিতে বাংলা সাহিত্যের কোন্ বিখ্যাত ঔপন্যাসিকের নাম রয়েছে? ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থের নাম আপাত অর্থে সহজ মনে হলেও প্রকৃতপক্ষে তা গভীর ও সংকেতবাহী।” এই অভিমতের যথার্থ্য নিরূপণ করো।
- ১+১+১২=১৪

অথবা

- ২। নীতুর সম্পূর্ণ নাম কী? তাঁর সঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুরের সম্পর্ক কী? ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থের ‘ছেলেটা’ কবিতায় কবি মুক্ত শৈশবের যে মর্মস্পর্শী কথাচিত্র অঙ্কন করেছেন তা নিজের ভাষায় বর্ণনা করো।
- ১+১+১২=১৪
- ৩। ‘মুক্তধারা’ নাটকের ইংরেজি অনুবাদ কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? রবীন্দ্রনাথের নাট্যভাবনার মূল বক্তব্য যে প্রবন্ধে লিপিবদ্ধ রয়েছে সেই প্রবন্ধটির নাম কী? ‘রবীন্দ্রনাথ যান্ত্রিক সভ্যতার যুগকে একান্তভাবে অস্বীকার করেননি। কিন্তু যে যান্ত্রিকতা মানুষকে অতিক্রম করে যায়, তার প্রতি রবীন্দ্রনাথের বিরাগ সর্বজনবিদিত। এই বিরাগের প্রকাশ ‘মুক্তধারা’য় আছে।” ‘মুক্তধারা’ নাটকের বিষয়বস্তু আলোচনা করে উক্তিটির মর্মার্থ বিশ্লেষণ করো।
- ১+১+১২=১৪

অথবা

- ৪। রাজা রণজিৎ-এর শ্যালকের নাম কী? শিবতরাই-এর সর্দারের নাম কী? “মুক্তির সাধনা তাকেই করতে হবে, যন্ত্রকে প্রাণ দিয়ে ভাঙবার ভার তারই হাতে।” এই উক্তির আলোকে ‘মুক্তধারা’ নাটকের অভিজিৎ চরিত্র আলোচনা করো।
- ১+১+১২=১৪
- 10-21/765 (Turn Over)

(4)

- ৫। ‘ছিন্নপত্র’ কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়? এই গ্রন্থের সর্বমোট পত্রসংখ্যা কত? “‘ছিন্নপত্র’-এ একজন প্রকৃতি প্রেমিক কবির অন্তরঙ্গ পরিচয় উদ্ঘাটিত।” উক্ত গ্রন্থ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো।
- ১+১+১২=১৪

অথবা

- ৬। ‘ছিন্নপত্র’-এর প্রথম আটটি চিঠি রবীন্দ্রনাথ কাকে উদ্দেশ্য করে লিখেছিলেন? ‘ছিন্নপত্র’ রচনার কালসীমা কত? পত্রসাহিত্য হিসেবে উক্ত গ্রন্থের ভূমিকা কতটুকু, পর্যালোচনা করো।
- ১+১+১২=১৪

- ৭। সংক্ষেপে আলোচনা করো (যে কোনো দুটি) :
- ৪×২=৮

- (ক) ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থের ‘শিশুতীর্থ’
- (খ) ‘মুক্তধারা’ নাটকে সংগীত
- (গ) ধনঞ্জয় বৈরাগী
- (ঘ) ‘ক্যামেলিয়া’ কবিতার কমলা
- (ঙ) ‘ছিন্নপত্র’-এ অঙ্কিত পল্লীপ্রকৃতি

2020/TDC/ODD/SEM/BNGH-501
(A/B)/084

10-21—PDF/765